# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০৭(চ-২৪৯)জাতীঃ বিঃ/কঃপঃ/ ২৮৮৫ তারিখঃ ২৩.১২.১৩

প্রেরক ঃ কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

প্রাপক ঃ অধ্যক্ষ
কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম কলেজ
ইসলামপুর, বিজয়নগর, ব্রাম্মনবাড়িয়া।

বিষয় ঃ **স্নাতকোত্তর শেষ পর্ব শিক্ষা কার্যক্রমে প্রথম সাময়িক অধিভুক্তি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রদত্ত ক্ষমতা বলে এবং অধিভুক্তি কমিটির সুপারিশ, একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে নিম্নোক্ত শিক্ষা কার্যক্রম ও বিষয়ে শর্তাধীনে পরীক্ষামূলকভাবে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান করা হলো :

| শিক্ষা কার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| স্নাতকোত্তর শেষ পর্ব | ২০১১-২০১২ | সমাজবিজ্ঞান | ৫০ |
| | | হিসাববিজ্ঞান | ৫০ |
| | | ব্যবস্থাপনা | ৫০ |

শর্তাবলী ঃ

১। স্নাতকোত্তর শেষ পর্ব শিক্ষা কার্যক্রমে সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিষয়ে আসন সংখ্যা অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোন অবস্থাতেই আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না;

২। আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বিধি মোতাবেক সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিষয়ে কাম্যসংখ্যক যোগ্যতাসম্পন্ন নিবন্ধনধারী শিক্ষক নিয়োগ দিয়ে, নিয়োগ সংক্রান্ত প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৩। অধিভুক্ত প্রতিটি বিষয়ে আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষক সংখ্যা কাম্য পর্যায়ে উন্নীত করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী বিভাগীয় ভৌত অবকাঠামো উন্নয়ন করতে হবে;

৪। সেমিনার ও লাইব্রেরীতে বিষয়ভিত্তিক প্রয়োজনীয় সংখ্যক বই ক্রয় করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৫। কলেজের ফলাফল ভাল করার জন্য টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা চালু করতে হবে;

৬। স্নাতকোত্তর শেষ পর্ব শিক্ষাকার্যক্রমের চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষা কোথায় হবে সে বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করবে;

৭। কলেজে ইন্টারনেট সংযোগসহ ই-মেইল এড্রেস খুলে জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৮। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সংশ্লিষ্ট বিধি বিধান অত্র কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

৯। স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে গিয়ে অনার্স কার্যক্রমকে বাধাগ্রস্থ করা যাবে না। প্রয়োজনে অতিরিক্ত শিফ্‌ট চালু এবং প্রয়োজনীয় শ্রেণীকক্ষ সহ অন্যান্য সুবিধাদি বাড়াতে হবে।

ভাইস-চ্যান্সেলর'এর আদেশক্রমে-

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০৭(চ-২৪৯)জাতীঃ বিঃ/কঃপঃ/ তারিখ ঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, সেগুন বাগিচা, ঢাকা;
২। ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৪। পরিচালক, কম্পিউটার ও আই সি টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৫। তথ্য ও পরিসংখ্যান ইউনিট, কলেজ পরিদর্শন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৬। অফিস কপি।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং - ০৭(চ-২৪৯)জাতীঃবিঃ/কঃপঃ/ ২২৫৬৪ তারিখঃ ০৮/১০/১৫

প্রাপক ঃ অধ্যক্ষ
কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম কলেজ
ইসলামপুর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

বিষয় ঃ স্নাতক (সম্মান) শিক্ষাকার্যক্রমে প্রথম সাময়িক অধিভুক্তি প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি কমিটির ৭১তম সভার সুপারিশ এবং অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে নিম্নোক্ত শিক্ষাকার্যক্রম ও বিষয়ে শর্তাধীনে পরীক্ষামূলকভাবে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান করা হলোঃ

| শিক্ষা কার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| স্নাতক (সম্মান) | ২০১৫-২০১৬ | ইংরেজী | ৫০ |
| | | ফিন্যান্স | ৫০ |
| | | গণিত | ৫০ |

পালনীয় শর্তাবলী ঃ

১। স্নাতক (সম্মান) শিক্ষা কার্যক্রমে ইংরেজী, ফিন্যান্স ও গণিত বিষয়ে সর্বোচ্চ ৫০ জন করে শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোন অবস্থাতেই আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না;
২। বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী বিভাগীয় ভৌত অবকাঠামোর উন্নয়ন করতে হবে;
৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে কলেজের সাধারণ ও সংরক্ষিত তহবিলের স্থিতি যথাক্রমে ন্যূনতম ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) ও ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং অধিভুক্ত স্নাতক (সম্মান) বিষয়ের অনুকূলে অতিরিক্ত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার সংরক্ষিত তহবিল গঠন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;
৪। আগামী ০১ (এক) বছরের মধ্যে লাইব্রেরী ও সেমিনার কক্ষে স্নাতক (সম্মান) শিক্ষা কার্যক্রমের অধিভুক্ত বিষয়ের পুস্তক সংখ্যা ২,০০০ (দুই হাজার)-এ উন্নীত এবং অধিভুক্ত প্রত্যেকটি বিভাগীয় অফিসে ০৫(পাঁচ)টি করে কম্পিউটার ক্রয়পূর্বক প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;
৫। কলেজের শিক্ষার মানোনয়নের জন্য টিউটোরিয়াল ক্লাস ও অভ্যন্তরীণ পরীক্ষার ব্যবস্থা চালু করতে হবে;
৬। স্নাতক (সম্মান) শিক্ষা কার্যক্রমে চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষা কোথায় হবে সে বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করবে;
৭। কলেজে ইন্টারনেট সংযোগসহ কলেজের নিজস্ব ওয়েবসাইট এবং ই-মেইল এড্রেস খুলে জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;
৮। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সংশ্লিষ্ট বিধি বিধান অত্র কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
৯। উপর্যুক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা না হলে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কলেজের অধিভুক্তি নবায়ন বিবেচনা করা হবে না এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শিক্ষা কার্যক্রমে কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

08-10-15
প্রফেসর ড. মোঃ শামসুদ্দীন ইলিয়াস
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং - ০৭(চ-২৪৯)জাতীঃবিঃ/কঃপঃ/ তারিখঃ ....................

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রো-ভাইস-চ্যান্সেলর, (একাডেমিক), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৩। ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫। পরিচালক, কম্পিউটার ও আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬। তথ্য ও পরিসংখ্যান ইউনিট, কলেজ পরিদর্শন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭। অফিস কপি

কলেজ পরিদর্শক

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

স্মারক নং- ০৭(চ-২৪৯) জাতীঃ বিঃ/কঃপঃ/৯৯/ ৯১-২৭ তারিখ ঃ ২৬/০৭/০৬

প্রেরক ঃ কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

প্রাপক ঃ অধ্যক্ষ
কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম কলেজ
ইসলামপুর, ব্রাহ্মণবাড়ীয়া

বিষয় ঃ **স্নাতক (সম্মান) কোর্সে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ৪১ তম অধিভুক্তি কমিটির সুপারিশের আলোকে এবং অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে নিম্নোক্ত কোর্স ও বিষয়ে শর্তাধীনে পরীক্ষামূলকভাবে ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষ থেকে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান করা হলঃ

| কোর্স | শিক্ষাবর্ষ | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| স্নাতক (সম্মান) | ২০০৫-২০০৬ | হিসাববিজ্ঞান | ৫০ |
| | | ব্যবস্থাপনা | ৫০ |
| | | ইসলামি শিক্ষা | ৫০ |
| | | সমাজবিজ্ঞান | ৫০ |

**শর্তাবলী ঃ**

১। পরবর্তী শিক্ষাবর্ষের মধ্যে প্রতিটি স্নাতক (সম্মান) বিষয়ে নিয়মিত শিক্ষক সংখ্যা ০৭ (সাত)-এ উন্নীত করে প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।
২। **কোন অবস্থাতেই আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।**
৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে লাইব্রেরী ও সেমিনার কক্ষে স্নাতক (সম্মান) কোর্সের প্রতিটি বিষয়ের পুস্তক সংখ্যা ২,০০০ (দুই হাজার) এ উন্নীত করে প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।
৪। কলেজের ফলাফল ভাল করার জন্য টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা চালু করতে হবে।
৫। স্নাতক (সম্মান) কোর্সের চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষা কোথায় হবে সে বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করবে।
৬। অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের কমপক্ষে ৮ মাস পূর্বে ফিসহ নির্ধারিত ফরমে কলেজ পরিদর্শকের নিকট আবেদন করতে হবে।

(প্রফেসর মোঃ আবদুল হামিদ) ২৬/৭/০৬
কলেজ পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

স্মারক নং- ০৭(চ-২৪৯) জাতীঃ বিঃ/কঃপঃ/৯৯ তারিখ ঃ ২৬/০৭/০৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ**

১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩। পরিচালক (কম্পিউটার ইউনিট), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪। অফিস নথি।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং - ০৭(চ-২৪৯)জাতীঃবিঃ/কঃপঃ/ ১৫৫৫০ তারিখ : ০৪/১২/১৪

প্রাপক : অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কাজী মোহাম্মদ শফিকুল ইসলাম কলেজ
ইসলামপুর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

বিষয় : স্নাতকোত্তর ১ম পর্ব শিক্ষা কার্যক্রমে প্রথম সাময়িক অধিভুক্তি প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের ৬৭ম অধিভুক্তি কমিটির সুপারিশ এবং একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে নিম্নোক্ত শিক্ষা কার্যক্রম ও বিষয়ে শর্তাধীনে পরীক্ষামূলকভাবে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান করা হলো :

| শিক্ষা কার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| স্নাতকোত্তর ১ম পর্ব | ২০১২-২০১৩ | সমাজবিজ্ঞান | ৫০ |
| | | হিসাববিজ্ঞান | ৫০ |
| | | ব্যবস্থাপনা | ৫০ |

পালনীয় শর্তাবলী :

১। স্নাতকোত্তর প্রথম পর্ব শিক্ষাকার্যক্রমে সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিষয়ে সর্বোচ্চ ৫০ জন করে শিক্ষার্থী ভর্তি করা যাবে, কোন অবস্থাতেই আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না;

২। আগামী ০৩ (তিন) মাসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক সমাজবিজ্ঞান বিষয়ে ০৩ (তিন) জন হিসাববিজ্ঞান বিষয়ে ০২ (দুই) জন এবং ব্যবস্থাপনা বিষয়ে ০৩ (তিন) জন যোগ্যতাসম্পন্ন নিবন্ধনধারী শিক্ষক নিয়োগ দিয়ে, নিয়োগ সংক্রান্ত প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৩। বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী বিভাগীয় ভৌত অবকাঠামোর উন্নয়ন করতে হবে;

৪। সেমিনার ও লাইব্রেরীতে বিষয়ভিত্তিক প্রয়োজনীয় সংখ্যক বই ক্রয় করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৫। কলেজের ফলাফল ভাল করার জন্য টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা চালু করতে হবে;

৬। স্নাতকোত্তর প্রথম পর্ব শিক্ষাকার্যক্রমের চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষা কোথায় হবে সে বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করবে;

৭। কলেজে ইন্টারনেট সংযোগসহ ই-মেইল এড্রেস খুলে জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;

৮। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সংশ্লিষ্ট বিধি বিধান অত্র কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

৯। স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে গিয়ে অনার্স কার্যক্রমকে বাধাগ্রস্থ করা যাবে না। প্রয়োজনে অতিরিক্ত শিফট চালু এবং প্রয়োজনীয় শ্রেণীকক্ষ সহ অন্যান্য সুবিধাদি বাড়াতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

4.12.14

প্রফেসর ড. মোঃ শামসুদ্দীন ইলিয়াস
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০৭(চ-২৪৯)জাতীঃ বিঃ/কঃপঃ/ তারিখ : ....................

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। প্রো ভাইস-চ্যান্সেলর, (একাডেমিক), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৩। ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫। পরিচালক, কম্পিউটার ও আই সি টি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর